



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
পরিকল্পনা ও উন্নয়ন শাখা



ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র শুদ্ধাচার পুরস্কার (২০২১-২২) প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ খায়রুল আমীন মহাপরিচালক
সভার তারিখ	১৪ জুন ২০২২
সভার সময়	বিকাল ৩.০০ টা
স্থান	সভাকক্ষ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
উপস্থিতি	পরিশিষ্ট “ক”


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কার্যপত্র মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।

০২। আলোচনা ও সিদ্ধান্ত :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
------	-------	--------	-----------	----------------

১	শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২	<p>সভায় শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা (সংশোধিত), ২০২১' প্রণয়ন করেছে। উক্ত পুরস্কার প্রদান নীতিমালার ৩ নং ক্রমিকে পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ, ৪ নং ক্রমিকে মূল্যায়ন পদ্ধতি ও ৫নং ক্রমিকে পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ করা রয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা অনুসরণে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ২য়-৯ম গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য একটি মূল্যায়ন শীট প্রস্তুত করা হয়েছে। উক্ত মূল্যায়ন শীট অনুযায়ী ২য়-৯ম গ্রেডে জনাব যুথিকা মজুমদার, সহকারী পরিচালক (প্রশাসন) ও জনাব উত্তরা শতদু প্রাচী, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) উভয়ে ৯৬ নম্বর প্রাপ্ত হয়েছেন। পরিচালক (প্রশাসন) উল্লেখ করেন যে, বর্ণিত কর্মকর্তাদ্বয় দক্ষতার সাথে দায়িত্ব পালন করে আসছেন। শুদ্ধাচার পুরস্কার নীতিমালার আলোকে তাদেরকে ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন প্রদান করা যায় মর্মে প্রস্তাব করা হলে কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।</p>	<p>'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা (সংশোধিত), ২০২১' এর আলোকে ২য়-১০ম গ্রেডের নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়-কে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্বাচন করা হলো:</p> <p>i) জনাব উত্তরা শতদু প্রাচী, উল্লেখ্য যে, সহকারী পরিচালক (প্রশিক্ষণ)</p> <p>ii) জনাব যুথিকা মজুমদার, সহকারী পরিচালক (প্রশাসন)।</p> <p>উল্লেখ্য যে, কর্মকর্তাদ্বয় সংযুক্তিতে কর্মরত থাকায় ১(এক) মাসের অর্থ প্রদানের সুযোগ না থাকায় পুরস্কার হিসেবে একটি ক্রেস্ট প্রদান করা হবে।</p>	<p>পরিচালক(প্রশাসন)/ উপ-পরিচালক (প্রশাসন)/ সহকারী পলরিচালক(সেবা)</p>
---	----------------------------	--	---	---

০৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ খায়রুল আমীন
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
- ২) উপ-পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন ও অর্থ অধিশাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
- ৩) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিকল্পনা ও উন্নয়ন শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি(উক্ত বিষয়ে একটি অফিস আদেশ জারি করার অনুরোধ সহ)
- ৫) সহকারী পরিচালক (সেবা), সেবা শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি(সার্টিফিকেট ও পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
- ৬) সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ শাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি(বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



মোঃ নাঈম খান

সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)